মূলশব্দ:
পথ প্রদর্শন
প্রশংসা
ভাল করে দেখা
তাদাব্বার

Islamic Religious Council of Singapore

Friday Sermon

1 November 2024 / 29 Rabiul Akhir 1446H

তাদাব্বারঃ পবিত্র কোরআনের প্রশংসা করা

الحَمْدُ لِلَّهِ الَّذِي خَلَقَ الإِنسَانَ فِي أَحْسَنِ تَقْوِيمٍ، وَأَمَرَنَا بِالتَّقْوَى وَالخُلُقِ الكَرِيمِ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُسْلِمُونَ.

মহান আল্লাহ সুবহানাহু তা'আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,

মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আমাদের ভক্তি সততার সহিত সমুন্নত রাখা। তিনি কর্তৃক আরোপিত সকল আদেশ মেনে চলুন এবং সকল নিষেধাজ্ঞাগুলি থেকে নিজেকে দূরে রাখুন। আমরা যেন মহান আল্লহ সুবহানাহু তা'আলার সেইসব বান্দাদের একজন হতে পারি যাঁরা ইহকালে এবং পরকালে সফল। আমীন। ইয়া রাব্বাল আলামীন!

সম্মানিত ভাইয়েরা,

পবিত্র কোরান তিলওয়াতের কথা উঠলে আমরা যে শব্দটি ব্যবহার করি সেই "তিলওয়া" শব্দের অর্থ সম্পর্কে আমরা কতটুকু জানি? এবং কোরানে "তাহফিজ" শব্দের অর্থই বা কি? তিলওয়া বলতে

বোঝানো হয় কোরান পাঠ আর তাহফিজ ব্যবহৃত হয় পবিত্র কোরান মুখস্থ করা বুঝাতে। এই দুটো শব্দই আমরা ব্যবহার করি যখন আমরা পবিত্র কোরানপাক সম্পর্কে কথা বলি। আর এই প্রসঙ্গে আজকের খুতবায় আমরা কোরানের "তাদাব্বার" চিন্তাধারাটি সম্পর্কে আপনাদেরকে পরিচিত করাবো।

সম্মানিত ভাইয়েরা,

তাদাব্বার ধারণাটি পবিত্র কোরান কেবল পাঠের সঙ্গে মিথস্ক্রিয়ার বাইরেও আরো অন্যকিছুকে বুঝিয়ে থাকে। সুরা সাদ এর ২৯ নম্বত আয়াতে এই সম্পর্কে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা আমাদের প্রাথমিক পরিচয় দিয়েছেন। এখানে বলা আছে,

كِتَٰبٌ أَنزَلْنَٰهُ إِلَيْكَ مُبَٰرَكٌ لِّيَدَّبَّرُوٓا۟ ءَايَٰتِهِۦ وَلِيَتَذَكَّرَ أُو۟لُوا۟ ٱلْأَلْبَٰبِ ﴿٢٩﴾

অর্থঃ এটি একটি বরকতময় কিতাব, যা আমি আপনার প্রতি বরকত হিসেবে অবতীর্ণ করেছি, যাতে মানুষ এর আয়াতসূহ লক্ষ্য করে এবং বুদ্ধিমানগণ যেন তা অনুধাবন করে। [সুরা সাদ: 29]

সম্মানিত ভাইয়েরা,

পবিত্র কোরানের বানীগুলির অন্তর্নিহিত বক্তব্যগুলির অর্থ বোঝা এবং সেগুলি অনুধাবন করার প্রচেষ্টা করার প্রক্রিয়াটাই হলো "তাদাব্বার"। আমাদেরকে তাদাব্বারের চর্চা করার জন্য সময় নিয়ে কোরানের বানীগুলির অর্থ অনুধাবন করে সেগুলি থেকে লব্ধ শিক্ষার যথার্থ মূল্যায়ন করা উচিত।

এর জন্য প্রয়োজন স্থির চিত্তে পবিত্র কোরান শরীফ পাঠ করা, এর মূল বক্তব্যগুলি গভীর মনযোগের সহিত লক্ষ্য করা এবং যে সময়ে এই আয়াতটি নাজিল হয়েছিল তার প্রেক্ষিতটি বোঝা এবং বিবেচনা করা। যেমনঃ কেন মহান আল্লাহ সুবহানাহু তা'আলা পবিত্র কোরানের এক জায়গায় লিখলেন "মুসলিম" অন্য জায়গায় "মুমিন (বিশ্বাসী) ?

সম্মানিত ভাইয়েরা,

তাদাব্বার হলো, পবিত্র কোরানে মণিমুক্তার ন্যায় অসাধারণ যে বৈশিষ্ট্যাবলী আছে সেগুলি উন্মোচন করে বোঝার প্রচেষ্টা করা যেমনঃ আমাদের ধর্মীয় আইনসংক্রান্ত বানীগুলি পর্যালোচনা করে আমরা দেখব যে এই আয়াতগুলি নাজিল করার সময় মহান আল্লাহ সুবহানাহু তা'লা এর পেছনে যে প্রজ্ঞা নিহিত রেখেছেন আমরা তা অনুধাবন করার প্রচেষ্টা করছি।

আরেকটি উদাহরণঃ আমাদের জীবনে প্রতিটি নামাজে আমরা যে সুরা ফাতিহা পাঠ করি তার অর্থ আমরা কতটা গভীরভাবে উপলব্ধি করি? এ ছাড়া, প্রতি বৃহস্পতিবার ও শুক্রবার করে যে সুরাগুলি আমরা নিয়মিত পাঠ করি যেমন সুরা ইয়াসীন, সুরা আল কাহফ, এগুলির মধ্যে দিয়ে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা আমাদের প্রতি কি বার্তা প্রেরণ করতে চান?

সম্মানিত ভাইয়েরা এবং উপস্থিত তরুণেরা,

এইটাই হলো পবিত্র কোরানকে প্রকৃত সম্মান করার পথ এবং এটাকে জীবনের পথ পরিদর্শক হিসাবে গ্রহণ করতে হবে। আজকের এই খুতবা থেকে নেয়ার মত কথাটি হলো; তাদাব্বার এর ধারণাটি। কোরানের বানীগুলির শুধু ভাষান্তরিত অর্থ বোঝাই নয়, বরং এই বানী নাজিল হওয়ার সময়ে যে মূল বক্তব্য এর পিছনে লুকানো ছিল তা বোঝা।

একটি হাদীসে নবী করিম (সঃ) বলেছিলেন, “সমস্ত মানুষের মধ্যে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কতিপয় মানুষকে পছন্দ করে নিয়েছেন”। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল, তাঁরা কারা? তিনি জবাবে জানিয়েছিলেন, “ পবিত্র কোরান অনুসরণকারী লোকেরাই মহান আল্লাহ সুবহানাহু তা'আলার পছন্দের বিশেষ মানুষ”। (ইবনে মাজা কর্তৃক বর্ণিত হাদীস)

বিদগ্ধ আলেমগণ এমন বলেন যে, পবিত্র কোরান অনুসরণকারী তাঁরাই যাঁদের কোরান শরীফ মুখস্থ করা না থাকলেও যাঁরা এর অর্থ বুঝে পড়েন এবং দৈনন্দিন জীবনে তার পালন করার চর্চা করেন।

সম্মানিত ভাইয়েরা,

পবিত্র কোরান শরীফের যথার্থ তাদাব্বার পালন করতে আমরা কয়েকটি পদক্ষেপ নিতে পারি,

প্রথমতঃ কোরানের অনুবাদটি পড়ে তার সম্পূর্ণ অর্থ অনুধাবন করে বক্তব্যের প্রধান গুরুত্বপূর্ণ দিকগুলি চিহ্নিত করতে হবে। আমাদের মধ্যে অনেকেরই আরবী ভাষা শেখার বা বোঝার সুযোগ নাই কিন্তু তার অর্থ এই নয় যে, আমরা পবিত্র কোরান বুঝতে পারব না বিশেষ করে যখন অনুবাদগুলি এখন সহজেই পাওয়া যায়।

যখন একটি আয়াতের অনুবাদ পড়া হয়, তখন আমাদের মনে প্রশ্ন আনতে পারি, যেমনঃ এই আয়াতে কোন বক্তব্য বা বার্তা জ্ঞাপন করা হয়েছে? এই আয়াতে আমাদের আচরন ও চরিত্রের কোন দিকটিকে পরিবর্তন করার কথা বলা হয়েছে? এই প্রক্রিয়ায় আমরা সেই আয়াতের মধ্যে নিহিত বক্তব্যের অর্থ বুঝতে পারব এবং তা থেকে লব্ধ শিক্ষায় আমরা আমাদের জীবন পরিচালনা করতে পারব।

দ্বিতীয়তঃ আমাদের মসজিদ এবং ধর্মীয় সংগঠনগুলি কর্তৃক গৃহীত তাদাব্বার বিষয়ক উদ্যোগগুলি সমর্থন করুন। যেমনঃ গত আগস্ট মাসে শুরু হওয়া দ্য কুরআন এস জি কর্তৃক গৃহীত তাদাব্বার আল কোরআন উদ্যোগ।

আলহামদুলিল্লাহ! সিংগাপুরের অনেক মসজিদ আজকাল সুরা ফাতিহার মত সুরার ওপর যা আমাদের প্রতিদিনকার জীবনের সঙ্গে সংগতিপূর্ণ ও অতি পরিচিত সুরা, তার ওপর আলোকপাত করে তাদাব্বার আল কোরআন বিষয়ক বক্তৃতার আয়োজন করছে।

সম্মানিত ভাইয়েরা,

তাদাব্বার কোরআন কেবলমাত্র আমাদের ধর্মবিশ্বাসকেই মজবুত করে না, এটা আমাদেরকে প্রতিদিনের জীবনে উন্নত কর্মকান্ডে পথ পরিদর্শকের ভূমিকা পালন করে। কোরানের আয়াতগুলি সঠিককভাবে বোঝা ও অনুধাবনের পরে আমরা আমাদের জীবনে প্রজ্ঞামূলক সিদ্ধান্ত নিতে পারি ও যে সমস্ত কাজ মহান

আল্লাহ সুবহানাহু তা’আলা পছন্দ করেন না সে কাজগুলি করা থেকে আমাদেরকে দূরে রাখতে পারি। তাদাব্বার আমাদেরকে নবী করিম (সঃ) এর উম্মত হিসাবে কোরানের বানীর মাধ্যমে মহান আল্লাহ সুবহানাহু তা’আলা আমাদেরকে যে বার্তা পাঠান তা বুঝতে সাহায্য করে।

আমাদের নিজেদেরকে তাদাব্বারের সহিত পবিত্র কোরআন পাঠের উদ্যোগকে জোরদার করা উচিত এবং পরে তা আমাদের পরিবারের এবং বন্ধু-বান্ধব সকলের মধ্যে এমন কোরআন পাঠের সংস্কৃতি লালন করা উচিত। আর আমরা সকলে একত্রে সেই জীবনযাপনের অনুসরণ করতে পারি যা পবিত্র কোরানে বর্ণিত জীবন যাপনের কাছাকাছি ধরণের। মহান আল্লাহ সুবহানাহু তা’আলা, পবিত্র কোরআনকে শেষ বিচারের দিনে আমাদের সাক্ষী হিসাবে বিবেচনা করুন।

ইয়া আল্লাহ ইয়া রাহমান ইয়া রাহীম! পবিত্র কোরআনকে আমাদের জীবনের করুণা এবং আলোতে পরিণত করুন। ইয়া আলীম ইয়া হাকীম আমাদের অন্তর আরো মুক্ত করে দিন যাতে আমরা এই পবিত্র বইয়ের সঙ্গে আমাদের সম্পর্ক পুনঃনবায়ন করতে পারি। ইয়া রউফ ইয়া ওয়াদুদ, আমাদের অন্তর পবিত্র কোরআনের প্রতি ভালবাসায় পরিপূর্ণ করুন। আমাদেরকে আপনার সেইসব বান্দাদের অন্তর্ভুক্ত করুন যাঁরা আহলুল কোরআনের একজন অনুসারী এবং মহান আল্লাহ সুবহানাহু তা’আলার দৃষ্টিতে একজন বিশেষ মানুষ। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا ٱلْمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اَللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ

فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلاَمَ وَالأَمْنَ وَالأَمَانَ لِلْعَالَمِ كُلِّهِ وَلِلنَّاسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ